ATASK হলো নিউ ইংল্যান্ডে অবস্থিত প্যান-এশিয়ান ভুক্তভোগী ও বেঁচে যাওয়া মানুষকে নিয়ে কাজ করা একটি পারিবারিক সহিংসতা এজেন্সি, যারা 14টি এশিয়ান ভাষায় গ্রাহকদেরকে সেবা দিয়ে থাকে। আমাদের মিশন হলো এশিয়ান পরিবার ও কমিউনিটিগুলোর মধ্যে পারিবারিক সহিংসতা প্রতিরোধ করা এবং বেঁচে যাওয়া মানুষদের আশাবাদী করা।

**বোস্টন:**

পি.ও. বক্স 120108 বোস্টন, MA 02112 টেলি: (617) 338-2350 ফ্যাক্স: (617) 338-2354

**লোওয়েল:**

পি.ও. বক্স 7259 লোওয়েল, MA 01853 টেলি: (978) 454-3651 ফ্যাক্স: (978) 937-2355

24-ঘন্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

(617) 338-2355

বাংলা
ভিয়েতনামিজ
ক্যানটোনিজ; মান্দারিন
তাইওয়ানিজ ইন্দোনেশিয়ান
হিন্দি
নেপালি
উর্দু

থাই
তাগালগ (ফিলিপিনো)
মিয়েন
খেমার (কম্বোডিয়ান)
জাপানিজ
কোরিয়ান
মনিপুরী

*এই প্রকল্পটিতে সহায়তা করেছে ইউ.এস. ডিপার্টমেন্ট অব জাস্টিজ, অফিস অন ভায়োলেন্স এগেইনেস্ট ওম্যান কর্তৃক যার অনুদান নম্বর 2018-WL-AX-0010। এই প্রকাশনা/প্রোগ্রাম/প্রদর্শনীতে যে মতামত, ফলাফল, উপসংহার ও সুপারিশ দেওয়া হয়েছে

FAQ রচিত করেছে ATASK লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম সর্বশেষ হালনাগাদ হয়েছে মে 31, 2016

**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# আবাসন, সরকারি সুবিধাবলী এবং ভাষার অধিকার

## প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

**লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম**

24-ঘন্টা বহুভাষিক

পারিবারিক সহিংসতা হেল্পলাইন

**(617) 338-2355**

www.atask.org

## আরও সহায়তা দরকার?

**জরুরি প্রয়োজনে অনুগ্রহ করে 911 নম্বরে কল করুন**

সেইফলিংক ....................................................................1-877-785-2020

.........................................................................................1-877-521-2601

গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস ........................................617-371-1234

.........................................................................................800-323-3205

লিগ্যাল অ্যাডভোকেসি অ্যান্ড রিসোর্স সেন্টার, আইএনসি .......617-603-1700

.........................................................................................800-345-5297

মেট্রো ওয়েস্ট লিগ্যাল সার্ভিসেস ..........................................508-620-1830

.........................................................................................800-696-1501

নর্থইস্ট লিগ্যাল এইড ...............................................................978-458-1465

.........................................................................................800-336-2262

ন্যাশনাল ল'ইয়ার্স গিল্ড .........................................................617-227-7008

বোস্টন বার অ্যাসোসিয়েশন ল'ইয়ার রেফারেল সার্ভিস .......617-742-0625

.........................................................................................800-552-7046

ম্যাসাচুসেটস বার অ্যাসোসিয়েশন .........................................617-654-0400

...............................................................................866-627-7577

**ASIAN TASK FORCE**
Against Domestic Violence

# লিগ্যাল অ্যাডভোকেসি প্রোগ্রাম

আমাদের Legal Advocacy Program-টি এশিয়ান বা এশিয়ান-আমেরিকান জাতিগত উৎপত্তির পারিবারিক সহিংসতা এবং যৌন আক্রমণের ভুক্তভোগীদের বিনামূল্যে আইনি পরিষেবার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘাটতি পূরণ করার চেষ্টা করে।

2009 সাল থেকে শুরু করে, আমাদের ATASK গ্রাহকদেরকে নিরাপদ ও স্বাধীন ব্যক্তিতে পরিণত হতে তাদের আইনী অধিকার পেতে, নির্যাতনকারীদের ক্ষমতার ও নিয়ন্ত্রণের বিভিন্ন ধরণ থেকে মুক্ত করতে, সর্বজনীন বহুভাষিক এবং বহু-সাংস্কৃতিক আইনি সহোযোগিতা, প্রতিনিধিত্ব এবং পরামর্শ প্রদান করে আসছি।

কমিউনিটি-ভিত্তিক সংগঠন, আইন স্কুল, আইনী পরিষেবাদি এবং স্বেচ্ছাসেবী অ্যাটর্নিদের সাথে আমাদের একত্রে কাজ করার ইতিহাস থেকে দেখা যায় যে আমরা বেঁচে যাওয়া কেউ যাতে আইনী প্রতিনিধিত্ব, কৌশলগত সহায়তা, নির্দেশিকা বা কোনো সফল রেফারেল ব্যতীত ফেরত না যায় তা নিশ্চিত করতে নিবেদিভাবে কাজ করি।

দাবি পরিত্যাগ: এই পৃষ্ঠার বিষয়বস্তু শুধুমাত্র সীমিত তথ্যগত উদ্দেশ্যে এবং এটি কোন আইনী পরামর্শ নয়। আপনি কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, আপনার অনন্য এবং নির্দিষ্ট পরিস্থিতির বিশ্লেষণে সহায়তা করার মাধ্যমে আপনার চাহিদাগুলোর সাথে ভালোভাবে খাপ খায় এমন একটি সমাধান খুঁজে পেতে ATASK আপনাকে একজন

# আবাসন এবং ভাড়াটিয়া অধিকার

## আমার নির্যাতনকারী এবং আমি যদি আলাদা হয়ে যাই, তাহলে আমি কি আমার সন্তানদের নিয়ে আমার বাড়িতে থাকতে পারি?

আপনি যখন 209A নির্যাতন প্রতিরোধমূলক আদেশের জন্য আবেদন করেন, তখন আপনি নির্যাতনকারী সঙ্গীকে অস্থায়ীভাবে আপনার বাসা ত্যাগের অনুরোধ করতে পারেন।

একজন পারিবারিক আদালতের বিচারক বৈবাহিক বাড়িতে কে দীর্ঘ মেয়াদে থাকবেন সেটির সিদ্ধান্তও নিতে পারেন। সাধারণভাবে, আদালত সন্তানদের প্রধান অভিভাবককে বাড়িতে থাকার অনুমতি দেবে, অন্তত অস্থায়ীভাবে। এমনকি আপনার নির্যাতনকারী যদি বাড়ির-প্রধান হিসেবে আপনাদের ভাড়ায় তালিকাভুক্ত থাকেও, আপনি যদি নির্যাতন প্রমাণ করতে পারেন তাহলে বাড়ির মালিককে সেটি আপনার নামে পরিবর্তন করে দিতে করা হতে পারে।

---

## আমি যদি বিপদাপন্ন হই এবং আমার ভাড়ার মেয়াদ শেষ হওয়ার আগেই যদি আমাকে চলে যেতে হয় তাহলে কী হবে?

ম্যাসাচুসেটসে পারিবারিক সহিংসতা, যৌন নির্যাতন, ধর্ষণ বা অনুসরণের সাম্প্রতিক ভুক্তভোগী, যারা এখনও বিপদের আশঙ্কায় রয়েছেন, তারা যথাযথভাবে অনুরোধ করলে কোনো প্রকার আর্থিক জরিমানা ছাড়াই নির্ধারিত সময়ের পূর্বে ভাড়া সংক্রান্ত চুক্তি ভাঙতে পারে। আপনি যদি চুক্তিটি ভাঙেন, তাহলে আপনি যে মাসে অ্যাপার্টমেন্ট ত্যাগ করেন সে মাস পর্যন্ত দায়বদ্ধ থাকবেন এবং সেখানে যদি কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি থেকে জান, তাহলে তিনি চুক্তির বাকি সময়ের জন্য দায়িত্বপূর্ণ থাকবেন। আপনাকে অবশ্যই আপনার বাড়িওয়ালার নিকট লিখিত নোটিশ প্রদান করতে হবে যে আপনি আপনার বিরুদ্ধে ঘটা সহিংসতার কারণে আপনার চুক্তি ভাঙার পরিকল্পনা করছেন। আপনার কাছে তথ্যভিত্তিক প্রমাণ চাওয়ার অধিকার আপনার বাড়িওয়ালার রয়েছে।

আপনি বাড়িওয়ালাকে তালাগুলি পরিবর্তন করতে এবং ভাড়ার চুক্তিপত্র থেকে নির্যাতনকারীকে বাদ দেওয়ারও অনুরোধ করতে পারেন।

আপনি যদি পুলিশকে কল করেন, নিরাপত্তামূলক আদেশ চান, অথবা তালাগুলো পরিবর্তনের অনুরোধ করেন, তাহলে বাড়িওয়ালা আপনাকে উচ্ছেদ করে আপনার বিরুদ্ধে প্রতিশোধ নিতে পারবে না

আপনি ব্যক্তিগত বা সরকারি যে আবাসনেই থাকুন না কেন এবং আপনার লিখিত চুক্তি থাকুক বা না থাকুক, আপনার এই অধিকারগুলো রয়েছে।

# ভাষা সহায়তা

## আমি যদি ইংরেজি ভাষা ভালো করে না বলতে পারি তাহলে কী হবে? পুলিশ বিভাগ, আদালত অথবা সরকারি এজেন্সিগুলোতে প্রবেশে সাহায্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

পুলিশ এবং আদালত উভয়েই আপনাকে বিনামূল্যে একজন দোভাষী প্রদান করতে আইনগতভাবে বাধ্য। পুলিশের সাথে যোগাযোগের সময়, আপনি পুলিশ অফিসারটির কাছে সরাসরি একজন দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন। আপনি যদি আদালতে থাকেন, তাহলে আদালতের ক্লার্কের কাছে আদালতে দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন। DTA এবং পাবলিক আবাসন এজেন্সিগুলোর প্রায়শই ভাষা দক্ষতাসম্পন্ন কর্মচারী থাকে।

স্থিতিশীলতা এবং আইনি সহায়তার প্রয়োজন হলে, আপনার ভাষায় কথা বলতে সক্ষম এমন একজন অ্যাডভোকেটের জন্য Asian Task Force Against Domestic Violence-এ আমাদের সাথে যোগাযোগ করতে পারেন।

## আমার ভাষায় কথা বলতে পারে এমন আইনজীবীবা অ্যাডভোকেটের সাথে কি কোনো আইনী কার্যক্রম রয়েছে?

গ্রেটার বোস্টন লিগ্যাল সার্ভিসেস, এশিয়ান অউটরিচ ইউনিট
http://www.gbls.org/our-work/asian-outreach

617-371-1234, 800-323-3205 (টোল-ফ্রি), বা 617-371-1228 (TDD)

এশিয়ান টাস্ক ফোর্স এগেইনেস্ট ডমেস্টিক ভায়োলেন্স (ATASK):

http://www.atask.org/site/.

617-338-2355

## যদি আমি বাইরে কোথাও যাই তাহলে কোথায় অস্থায়ী আবাসন/ আশ্রয়

আশ্রয়ের তালিকা পেতে অনুগ্রহ করে নিচের লিংকটি অনুসরণ করুন:http://www.womenshelters.org/cit/ma-boston

আপনার নিকটবর্তী আশ্রয় সম্পর্কে আরো জানতে, আপনি "সেইফলিংক"-এ কল করতে পারেন।

সেইফলিংক ম্যাসাচুসেটসের টোল-মুক্ত, বহুভাষিক, পারিবারিক সহিংসতা বিষয়ক হটলাইন, যা আপনাকে আপনার স্থানীয় ভাষায় সাহায্য করতে একটি ভাষাগত টেলিফোন লাইনের সুবিধা প্রদান করতে পারে। সেইফলিংকের সকল কল গোপনীয়তা।

সেইফলিংকের নম্বর হলো (877) 785-2020।

শ্রবণের সমস্যা রয়েছে এমন মানুষের জন্য সেইফলিংক TTY নম্বর হলো (877) 521-2601।

সেইফলিংকের ওয়েবসাইট হলো: http://www.casamyrna.org

## দীর্ঘ মেয়াদী আবাসনের বিভিন্ন বিকল্পের ক্ষেত্রে কী হবে?

Casa Myrna's Transitional Living Program দীর্ঘমেয়াদে আবাসন সুবিধা প্রদান করে থাকে যেখানে নারীরা আনুমানিক 12 থেকে 18 মাস অবস্থান করতে পারেন, যে সময়ের মধ্যে তারা তাদের স্থায়ী বাসা খুঁজে নেন।

নারীরা সাধারণত 12–14 মাসের জন্য অবস্থান করেন, যদিও কেউ কেউ 18 মাস বা তার চাইতেও দীর্ঘ সময় থাকতে পারে।

গর্ভবতী বা অভিভাবকীয় দায়িত্ব পালনকারী কিশোরী যারা নির্যাতনের ভুক্তভোগী, তাদের জন্য কাসা মির্না-র একটি Teen Parenting Program-ও রয়েছে। সাধারণত, এই স্থাপনায় 12–14 মাস থাকা যায়।

কাসা মির্নার সাথে যোগাযোগের তথ্য হলো:

কাসা মির্না ভাজকুয়েজ

পি.ও. বক্স 120108
বোস্টন, MA 02112
617-338-2350
(অফিস)

800-992-2600 (হটলাইন)

## আমি অনুদানপ্রাপ্ত নিম্ন-আয়ের স্থায়ী আবাসন কোথায় পেতে পারি?

আপনি যদি যুক্তরাষ্ট্রের নাগরিক হন অথবা অন্য অভিবাসন অবস্থা থাকে, তবে আপনি বিভিন্ন ফেডারেল হাউজিং প্রোগ্রামের জন্য উপযুক্ত হতে পারেন। ম্যাসাচুসেটস স্টেট কিছু পাবলিক আবাসন প্রোগ্রামের

অর্থায়ন করে থাকে এবং পরিচালনাও করে, যেগুলোর জন্য মার্কিন নাগরিকত্ব বা "গ্রিন কার্ড" স্ট্যাটাসের প্রয়োজন হয় না। আপনি যখন কোনো সরকারি আবাসন উন্নয়ন প্রকল্পে যোগাযোগ করবেন, তখন স্টেট দ্বারা অর্থায়নকৃত এমন কোনো ইউনিট তাদের রয়েছে কি না তা জিজ্ঞাসা করুন।

MA স্টেট দ্বারা অর্থায়নকৃত এমন কিছু আবাসন কার্যক্রমের মধ্যে রয়েছে:

- স্টেট পাবলিক আবাসন (পরিবার এবং একক ব্যক্তিদের জন্য)
- ম্যাসা. রেন্টার ভাউচার প্রোগ্রাম (MRVP) আবাসন ভাউচার
- ম্যাসা. হাউজিং ফাইনান্স এজেন্সি (MHFA) উন্নয়ন প্রকল্প (কিছু ইউনিট ফেডারেল সরকার দ্বারা অর্থায়ন করা হয়, তাই শুধুমাত্র স্টেটের অর্থ দ্বারা পরিশোধ করা যেগুলো সেগুলোর জন্য অনুরোধ করুন)
- অল্টারনেটিভ হাউজিং ভাউচার প্রোগ্রাম (AHVP) ভাউচার (প্রবীণ নয় কিন্তু বিকলাঙ্গতা রয়েছে তাদের জন্য)

যদি কোনো অপেক্ষমান তালিকা থাকে, তবে তাৎক্ষণিকভাবে আবাসনের প্রয়োজন থাকার ভিত্তিতে অথবা সাম্প্রতিক পারিবারিক সহিংসতার কারণে বাসা থেকে বিতাড়নের উপর ভিত্তি করে কোনো "জরুরি" আবেদনের জন্য উপযুক্ত হন, তাহলে আপনি তালিকার শীর্ষে চলে যেতে পারেন। নিয়ন্ত্রণ আদেশ, চিকিৎসা বা পুলিশী ঘটনার রিপোর্টের মতো তথ্য দেখানোর জন্য প্রস্তুত থাকুন।

আপনি যদি ইতোমধ্যেই কোনো সরকারি আবাসনে থেকে থাকেন, কিন্তু পারিবারিক সহিংসতার কারণে চলে যেতে চান, তাহলে স্টেট দ্বারা অর্থায়নকৃত আরেকটি ইউনিটে স্থানান্তর করতে অনুরোধ করুন।

নিরাপত্তার কারণে আপনাকে ম্যাসাচুসেটস থেকে সরে যাওয়ার প্রয়োজন হলে, আপনি এই MA পরিষেবাটি ব্যবহার করতে পারবেন না। অন্যান্য কিছু বিশেষ ফেডারেল আবাসন কার্যক্রম রয়েছে, তবে এই প্রোগ্রামগুলিতে অ-নাগরিকদের জন্য বিশেষ আবেদন পদ্ধতি রয়েছে।

# আয় রক্ষণাবেক্ষণ/সরকারি সুবিধাদি

## স্বাস্থ্য বিমার মতো সুবিধা গ্রহণে আমি আমার সঙ্গীর উপর নির্ভর করি। আমার পার্টনার/সঙ্গী থেকে আলাদা হয়ে গেলেও কি আমার সুবিধাগুলো পাবো?

আপনি যদি একজন মার্কিন নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা এবং একজন নিম্ন আয়ের লোক হয়ে থাকেন, তাহলে আপনি স্বাস্থ্য সেবায় অন্তর্ভুক্তি অথবা ফুড স্ট্যাম্পের মত সরকারি সুবিধার জন্য নিজেই আবেদন করতে পারেন।

আপনার যদি "গ্রিন কার্ড" না থাকে তাহলেও আপনি কিছু সীমিত সুবিধার জন্য উপযুক্ত হবেন। পারিবারিক সহিংসতা কর্মসূচির একজন অ্যাডভোকেট অথবা অন্তর্বর্তীকালীন সহায়তা বিভাগ (আপনার এলাকার অফিসগুলো খুজে পাওয়া যাবে এখানে)-এ কথা বলা গুরুত্বপূর্ণ http://webapps.ehs.state.ma.us/DTAOffices/default.aspx) আপনার যোগ্যতা নিরুপনের জন্য।

আপনার স্বাস্থ্য সেবার কভারেজ যদি আপনার পূর্ববর্তী সঙ্গীর চাকরীর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে, তাহলে বিচারক কোনো কোনো ক্ষেত্রে আপনার সঙ্গীকে আপনার স্বাস্থ্য সেবা বিমা অব্যাহত রাখার আদেশ দিতে পারেন।

## আমার নির্যাতনকারী পার্টনারের কাছ থেকে আর্থিকভাবে স্বাধীন হতে সাহায্য করার জন্য কোনো পাবলিক সুবিধা রয়েছে কি?

- ম্যাসাচুসেটস অন্তর্বর্তীকালীন সহায়তা বিভাগ (DTA) মার্কিন নাগরিক ও বৈধ স্থায়ী বাসিন্দা এবং অন্যান্য কিছু অভিবাসী নয় এমন ব্যক্তিদের জন্য খাদ্য সহায়তা, নগদ অর্থ সহায়তা, চাকরি সন্ধান সহায়তা, জরুরি আশ্রয়, এবং পারিবারিক সহিংসতা সহায়তা প্রদান করে।
- আপনি কোনো বিশেষ সুবিধার জন্য উপযুক্ত কি না তা জানতে আপনার নিকটতম DTA অফিসে আবেদনের জন্য যেতে পারেন। সর্বদা আপনার প্রত্যাখ্যান বা অনুমোদনপত্র সাথে রাখার কথা স্মরণে রাখবেন।